

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি আগারগাঁও

শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা

ঢাকা-১২০৭, বাংলাদেশ।

নং-বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২২৮

১৬ জুলাই ২০১৯

আদেশ

যেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে, পুঁজিবাজারের অব্যাহত উন্নয়ন এবং বিনিয়োগকারীদের স্বার্থে মিউচুয়্যাল ফান্ড সম্পর্কিত কতিপয় নির্দেশনা দেওয়া প্রয়োজন; অতএব, সেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর section 20A-তে প্রদত্ত ক্ষমতাবলে মিউচুয়্যাল ফান্ডের ক্ষেত্রে এতদ্বারা নিম্নরূপ আদেশ প্রদান করিল, যথাঃ-

(ক) লভ্যাংশ প্রদানের ক্ষেত্রে পুনঃবিনিয়োগ (Re-investment) পদ্ধতি এখন থেকে বাতিল করা হইল। যার ফলে, বে-মেয়াদী এবং মেয়াদী উভয় ধরনের ফান্ডের ক্ষেত্রেই কেবল মাত্র নগদ লভ্যাংশ প্রদান করা যাইবে; এবং

(খ) বে-মেয়াদী ফান্ডের ক্ষেত্রে মেয়াদী ফান্ডের মত উদ্যোক্তার অংশ ফান্ড গঠনের তারিখ থেকে ০১ (এক) বছর পর্যন্ত সংরক্ষণ এবং তৎপরবর্তীতে উক্ত ধারণকৃত অংশের অন্তত: ১০ (দশ) শতাংশ উদ্যোক্তা কর্তৃক ফান্ডের অবসায়ন পর্যন্ত সার্বক্ষণিকভাবে সংরক্ষণ করিতে হইবে।

এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর আদেশক্রমে



খোন্দকার কামালউজ্জামান

কমিশনার।